



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দফতর
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০
mail: pr@nu.edu.bd

তারিখ: ১৩ জুলাই, ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি
এন ইউ'র শিক্ষার্থীদের কোভিড-১৯ এর
টিকা সংক্রান্ত তথ্য পাঠানোর সময়সীমা বৃদ্ধি

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণরোধ ও স্বাস্থ্যঝুঁকি এড়াতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা সংক্রান্ত তথ্য পাঠানোর সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। আগামী ১৯ জুলাইয়ের মধ্যে টিকা সংক্রান্ত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাঠানোর নতুন সময় নির্ধারণ করা হয়েছে। সকল শিক্ষার্থীকে টিকা কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে ১২ জুলাই থেকে এক সপ্তাহ সময় বাড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।


নতুন নির্ধারিত সময়সীমা অনুযায়ী আগামী ১৯ জুলাইয়ের মধ্যে এই লিংকে (http://103.113.200.29/student_covidinfo/) প্রবেশ করে তথ্যছক পূরণ করে সাবমিট করার জন্য শিক্ষার্থীদের আহ্বান জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিষয়টি জাতীয় জনগুরুত্বপূর্ণ ও জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি বিবেচনায় অধিভুক্ত কলেজের অধ্যক্ষবৃন্দকে স্ব স্ব কলেজের তথ্যছক পূরণ নিশ্চিত করার লক্ষ্যে অনুরোধ করা হয়েছে।

(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়।

তারিখ : ১৫/০৭/২০২১

এ কলেজের অধ্যয়নরত স্নাতক(পাস), স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপরোক্ত নির্দেশনা মোতাবেক কোভিট-১৯ টিকা প্রদান সংক্রান্ত তথ্য পূরণের সময়সীমা আগামী ১৯/০৭/২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। স্নাতক(পাস), স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির যে সকল শিক্ষার্থী এখনও কোভিট-১৯ টিকা প্রদান সংক্রান্ত তথ্য ফরম পূরণ করেনি তাদেরকে আগামী ১৯/০৭/২০২১ তারিখের মধ্যে http://103.113.200.29/student_cvvidinfo/ লিংকে গিয়ে স্ব স্ব রেজিস্ট্রেশন নম্বর দিয়ে তথ্যছক পূরণ করে-submit করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

বিষয়টি অতীব জরুরী।



(প্রফেসর ড. সুদীপা দত্ত)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।